

# সমকাল

## প্রেসিডেন্সি ইউনিভার্সিটির নতুন উপাচার্য ড. মান্নান চৌধুরী

প্রকাশ: ৩০ আগস্ট ২৩ | ১৫:২১ | আপডেট: ৩০ আগস্ট ২৩ | ১৫:২১

সমকাল প্রতিবেদক



অধ্যাপক ড. মো. আব্দুল মান্নান চৌধুরী

প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতে উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. মো. আব্দুল মান্নান চৌধুরী। রাষ্ট্রপতির অনুমোদনক্রমে যোগদানের তারিখ হতে আগামী চার বছরের জন্য তিনি এই পদে নিয়োজিত থাকবেন।

অধ্যাপক ড. মো. আব্দুল মান্নান চৌধুরী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞানে ১৯৭৭ সালে বিএসসি এবং ১৯৭৮ সালে এমএসসি ডিগ্রি অর্জন করেন। তিনি সব পরীক্ষায় প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হন। ১৯৯৭ সালে ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৯৯-২০২২ সাল পর্যন্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন।



নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আব্দুল মামান চৌধুরীকে বরণ

অধ্যাপক ড. মো. আব্দুল মামান চৌধুরী মানিকগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ব্যক্তিগত জীবনে দুই কন্যার বাবা।

উল্লেখ্য, প্রেসিডেন্সি ইউনিভার্সিটির শিক্ষার্থী, শিক্ষক-শিক্ষিকা এবং সব বিভাগের কর্মকর্তাদের উপস্থিতিতে বুধবার সকালে নবনিযুক্ত উপাচার্যকে বরণ করে নেওয়া হয়।

একই সঙ্গে প্রেসিডেন্সি ইউনিভার্সিটির বর্তমান ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ মুনিরুজ্জামানকে আনুষ্ঠানিকভাবে বিদায় জানানো হয়।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com